সংবাদ

24 JAN 2017

# নওগাঁ শিক্ষা প্রকৌ. বিভাগের ১২৭ কোটির ১৪৩ প্রকল্প

**কাজী কামাল হোসেন, নওগাঁ**

নওগাঁ জেলায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ১২৭ কোটি ৬৭ লাখ ৪৮ হাজার টাকা ব্যয়ে ৭টি ক্যাটাগরিতে মোট ১৪৩টি প্রকল্প বাস্তবায়ন করছে। ৩০ ডিসেম্বর'১৬ পর্যন্ত ১০৫টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে, ৩০টি প্রকল্প নির্মাণাধীন রয়েছে এবং ৮টি প্রকল্পের দরপত্র আহবান করা হয়েছে। নওগাঁ শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী রায়হান বাদশাহ জানিয়েছেন, নির্মানাধীন প্রকল্পসমূহের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে এবং দরপত্র আহবানকৃত প্রকল্পসমূহের কাজ শীঘ্রই শুরু হবে। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নওগাঁ জেলায় বাস্তবায়নধীন প্রকল্পসমূহ হচ্ছে ২৮ কোটি ১৬ লাখ ৬১ হাজার টাকা ব্যয়ে তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্প (১৫০০ কলেজ) এর আওতায় ৪-তলা ভিতের ওপর ৬টি শ্রেণীকক্ষ বিশিষ্ট ২১টি ২য় তলা একাডেমিক ভবন নির্মাণ।

**১০৫ প্রকল্পের কাজ সম্পন্ন**

তথ্যপ্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহের উন্নয়ন প্রকল্পের (১৫০০ কলেজ) আওতায় ৩৮ কোটি ৩৭ লাখ ২২ হাজার টাকা ব্যয়ে বিদ্যামন দ্বিতল একাডেমীক ভবনের উপর ২৬টি ৩য় ও ৪র্থ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ। নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৩০০০ স্কুল) এর আওতায় ৩৩ কোটি ৫২ লাখ ৬৮ হাজার টাকা ব্যয়ে ৪-তলা ভিতের ওপর ৩টি শ্রেণীকক্ষ বিশিষ্ট ৬৬টি ১ তলা একাডেমিক ভবন নির্মাণ। নির্বাচিত বেসরকারি মদ্রাসাসমুহে একাডেমিক ভবন নির্মাণ প্রকল্পের (১০০০ মাদ্রাসা) আওতায় ১১ কোটি ৪০ লাখ ৪৭ হাজার টাকা ব্যয়ে ৪-তলা ভিতের উপর ৩টি শ্রেণীকক্ষ বিশিষ্ট ১৯টি ১-তলা একাডেমিক ভবন নির্মাণ কাজ।

উপজেলা পর্যায়ে ৩১৫টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহকে মডেল স্কুলে রূপান্তর প্রকল্পের আওতায় ১০ কোটি ২৪ লাখ ৯৬ হাজার টাকা ব্যয়ে ৪-তলা ভিতের উপর ১০টি শ্রেণীকক্ষ বিশিষ্ট ৯টি ৩টি একাডেমিক সভবন নির্মাণ কাজ। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্র্যাজুয়েট কলেজসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প ( ন৭০টি) এর আওতায় ৪ কোটি ১ লাখ ৯ হাজার টাকা ব্যয়ে ৫-তলা ভিতের উপর ১টি ৪-তলা একাডেমিক কাম পরীক্ষা হল নির্মাণসহ পয়ঃপ্রণালী, পানি সরবরাহ ও বৈদ্যুতিকীকরণ কাজ। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত সরকারি পোস্ট গ্র্যাজুয়েট কলেজসমূহের উন্নয়ন প্রকল্পের (৭০টি) আওতায় ১ কোটি ৯৪ লাখ ৪৫ হাজার টাকা ব্যয়ে ৫-তলা ভিতের উপর ১টি ২-তলা প্রশাসনিক ভবন নির্মাণসহ পয়ঃপ্রণালী, পানি সরবরাহ ও বৈদ্যুতিকীকরণ কাজ।